‘‘ছেলে হোক, মেয়ে হোক,
দু‘টি সন্তানাই যথেষ্ট’’

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
fpo.sadar.sunamganj.gov.bd

স্মারক নং-উপপকা/সদর/সুনাম/২০১৯/২৯৪ তারিখ ঃ ০১/১২/২০১৯ খ্রি.

বিষয় ঃ ০৭/১২/২০১৯ খ্রি. হতে ১২/১২/২০১৯ খ্রি. পর্যন্ত সুনামগঞ্জ সদর উপজেলায় পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদ্‌যাপনের নিমিত্তে বিশেষ কর্মপরিকল্পনা ।

সূত্র ঃ ১। পপঅ/আইইএম/সেবা ও প্রচার সপ্তাহ/২০১৯/১৩০/১৪৬১ তারিখঃ ২০/১১/২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের মর্মানুযায়ী মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আইইএম ইউনিটের উদ্যোগে ৭-১২ ডিসেম্বর/২০১৯ খ্রি. পর্যন্ত পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদ্‌যাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বাংলাদেশের মোট জনসংখ্যার এক পঞ্চমাংশের অধিক কিশোর-কিশোরী। মাতৃ মৃত্যুর সাথে কৈশোরকালীন মাতৃ মৃত্যুর নিবিড় সম্পর্ক রয়েছে। সে জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এই সেবা সপ্তাহের প্রতিপাদ্য বিষয় দিয়েছেন ‘‘ পরিবার পরিকল্পনা সেবা গ্রহণ করি, কৈশোরকালীন মাতৃত্ব রোধ করি’’। এ লক্ষ্যে সুনামগঞ্জ সদর উপজেলায় ০৭-১২ ডিসেম্বর’২০১৯খ্রি. তারিখ পর্যন্ত পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদ্‌যাপনের নিমিত্তে সুনামগঞ্জ সদর উপজেলার সকল ইউনিয়ন ও UH & FWC - এর জন্য নিম্নোক্ত সিডিউল মোতাবেক স্থায়ী ও দীর্ঘ মেয়াদী ক্যাম্প এবং কর্মীভিত্তিক লক্ষ্যমাত্রার কর্মপরিকল্পনা প্রণয়ন করে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

| ক্র . নং | উপজেলার নাম | তারিখ | ক্যাম্প সম্পাদনের স্থান | পদ্ধতির নাম | সহযোগীগণের নাম |
|---|---|---|---|---|---|
| ০১ | সুনামগঞ্জ সদর | ০৭/১২/১৯ | MCWC, সুনামগঞ্জ | ইমপ্ল্যান্ট, NSV | অশোক তালুকদার ও মোঃ ইউসুফ আলী |
| | | ০৮/১২/১৯ | | ইমপ্ল্যান্ট , NSV | |
| | | ০৯/১২/১৯ | | স্থায়ী পদ্ধতি | |
| | | ১০/১২/১৯ | | স্থায়ী পদ্ধতি | |
| | | ১১/১২/১৯ | | স্থায়ী পদ্ধতি | |
| | | ৭/১২/১৯ হতে ১২/১২/১৯ | | IUD ( প্রতিদিন) | |
| | | ০৮/১২/১৯ | লক্ষণশ্রী UH&FWC | ইমপ্ল্যান্ট ও NSV ক্যাম্প | অশোক তালুকদার ও মোঃ ইউসুফ আলী |
| | | ০৮/১২/১৯ | মোহনপুর CC | ইমপ্ল্যান্ট ক্যাম্প | সোমা রানী দত্ত ও জয়কৃষ্ণ বর্মন |
| | | ১০/১২/১৯ | গৌরারং UH&FWC | ইমপ্ল্যান্ট ও NSV ক্যাম্প | অশোক তালুকদার ও মোঃ ইউসুফ আলী |
| | | ১১/১২/১৯ | জাহাঙ্গীরনগর UH&FWC | ইমপ্ল্যান্ট ক্যাম্প | অশোক তালুকদার ও মোঃ ইউসুফ আলী |

সুনামগঞ্জ সদর উপজেলার ইউনিয়নগুলোতে যে সকল জনবল নিয়োজিত আছেন তাদের জন্য নিম্নোক্ত লক্ষ্যমাত্রা নির্ধারণ পূর্বক কর্মপরিকল্পনা প্রনয়ণ করা হলো ঃ

| পদবী | স্থায়ী পদ্ধতি | | আই ইউ ডি | ইমপ্ল্যান্ট |
|---|---|---|---|---|
| | পুরুষ | মহিলা | | |
| FPI | ০১ | ০০ | ০০ | ০২ |
| FWV | ০০ | ০০ | ০২ | ০২ |
| FWA | ০১ | ০১ | ০১ | ০২ |
| SACMO | ০১ | ০০ | ০০ | ০ |
| PCSBA | ০১ | ০১ | ০১ | ০২ |
| Paramedic,SP/CSP | ০০ | ০০ | ০১ | ০২ |

০১ । সেবা সপ্তাহ উপলক্ষ্যে আগামী ০৭-১২ ডিসেম্বর ২০১৯খ্রি. তারিখ পর্যন্ত সুনামগঞ্জ সদর উপজেলার সকল ইউনিয়নের সেবা কেন্দ্রসমূহে সেবা সপ্তাহ পালন করতে হবে।

০২ । সেবা সপ্তাহ উপলক্ষ্যে প্রতিপাদ্যের উপর আইইএম ইউনিট হতে প্রস্তুতকৃত প্রাপ্ত বিশেষ ব্যানার সকল সেবা কেন্দ্রে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

০৩ । আইইএম ইউনিট হতে প্রস্তুতকৃত ও সরবরাহকৃত পোস্টার, লিফলেট বিভিন্ন সেবা কেন্দ্রে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৪ । পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহে স্বাস্থ্য বিভাগের মাঠ পর্যায়ের কর্মী , NGO কর্মী গণকে ক্লায়েন্ট রেফারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং উপজেলা অফিস কর্তৃক প্রণয়নকৃত কর্ম পরিকল্পনা অনুযায়ী ইউনিয়ন ভিত্তিক কর্ম পরিকল্পনা প্রনয়ণ করতে হবে।

০৫ । পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ চলাকালীন সময়ে প্রতিদিন প্রত্যেক ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র , এমসিএইচ ইউনিট এবং সুনামগঞ্জ সদর উপজেলা ক্লিনিকে আই ইউ ডি/ ইমপ্লান্ট ক্যাম্প সম্পাদিত হবে। তাছাড়া লক্ষণশ্রী ইউনিয়ন স্বাস্থ্য ওপরিবার কল্যাণ কেন্দ্র এবং মোহনপুর কমিউনিটি ক্লিনিকে ০৮/১২/২০১৯ তারিখে, গৌরারং ইউনিয়ন স্বাস্থ্য ওপরিবার কল্যাণ কেন্দ্রে ১০/১২/২০১৯ তারিখে এবং জাহাঙ্গীরনগর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ১১/১২/২০১৯ তারিখে ইমপ্লানন, NSV সেবা প্রদানের বিশেষ ক্যাম্প অনুষ্ঠিত হবে। উক্ত ক্যাম্পে প্রত্যেক ইউনিয়নের FPI,FWA সহ সেবা সংশ্লিষ্ট সকলকে ক্লায়েন্ট রেফারের এবং ক্যাম্প সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৬ । এবারের পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহের থিম '' পরিবার পরিকল্পনা সেবা গ্রহণ করি, কৈশোরকালীন মাতৃত্ব রোধ করি''। এ বিষয়ে মাঠকর্মীগণ জনসচেতনতা মূলক কর্মসূচী গ্রহণ করবেন।

০৭ । ০৭-১২ ডিসেম্বর/১৯ খ্রি. তারিখের মধ্যে সুনামগঞ্জ সদর উপজেলাধীন সকল সেবা কেন্দ্রে যেখানে স্বাভাবিক প্রসবসেবা চলমান রয়েছে, সেখানে পরিবার পরিকল্পনা কর্মীগণ স্বাভাবিক প্রসব সেবায় অংশ গ্রহণ করবেন এবং শতভাগ প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পদ্ধতি (PPFP) নিশ্চিত করবেন।

০৮ । ০৭-১২ ডিসেম্বর/১৯ খ্রি. তারিখের মধ্যে প্রতিদিন সকল FPI, FWA, স্বেচ্ছাসেবীগণ কমপক্ষকে ৫ জন ক্লায়েন্টকে অস্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি বিতরন করবেন। জন্মবিরতীকরণ প্যাকেট সুদৃশ্য মোড়কে প্রস্তুত করতে হবে। সকল কার্যক্রমের ছবি ধারণ/সংরক্ষণ করতে হবে।

০৯ । **স্বাস্থ্য অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত কর্মচারীগন প্রত্যেক সেবা সপ্তাহ চলাকালীন সময়ে কমপক্ষকে ০১ টি দীর্ঘমেয়াদী এবং ০১ টি স্থায়ী পদ্ধতির গ্রহীতা প্রেরণ করে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ ২০১৯ সাফল্যমন্ডিত করবেন।**

১০ । ০৭-১২ ডিসেম্বর/১৯ খ্রি. তারিখের মধ্যে যে কোন একদিন সুনামগঞ্জ সদর উপজেলাধীন সকল CC তে পরিবার পরিকল্পনা সহকারিগণ CHCP দের সাথে সমন্বয় করে বিশেষ সেবাদান কর্মসূচী গ্রহণ করবেন।

১১ । ০৭-১২ ডিসেম্বর/১৯ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়নের জনপ্রতিনিধি FPI গণ সেবা ও প্রচার সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে উদ্বুদ্ধ করণ কর্মসূচী গ্রহণ করবেন।

১২ । সংশ্লিষ্ট ইউনিয়নের পরিবার পরিকল্পনা পরিদর্শক ও পরিবার কল্যাণ পরিদর্শিকাগণকে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে অনুষ্ঠিত বিশেষ ক্যাম্পে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও গণ্যমান্য ব্যাক্তিবর্গকে আমন্ত্রণ জানাতে হবে।

১৩ । সেবা সপ্তাহে প্রতিদিন পৌর এলাকায় অবস্থিত প্রাইভেট ক্লিনিকগুলোতে পিপিএফপি সেবা নিশ্চিতকরণের জন্য বেগম সুষমা দাশ, প. ক. পরিদর্শিকা, জনাব নরেন ভট্টাচার্য্য, প. প.পরিদর্শক এবং পরিবার কল্যাণ সহকারী বেগম শুক্লা রানী তালুকদার, রেশফা আক্তার এবং শিল্পী রায়কে সমন্বিতভাবে দায়িত্ব পালনের জন্য বলা হলো।

১৪ । প্রত্যেক ইউনিয়নে কমপক্ষে ০১ টি উচ্চ বিদ্যালয়ে কিশোরী সমাবেশ করতে হবে।

১৫ । শূণ্য ইউনিট এবং বিভিন্ন পকেট এলাকাগুলোতে সেবা প্রদান ও প্রচার নিশ্চিত করতে হবে।

১৬ । বিভিন্ন শ্রমজীবি মানুষের কাছে এবং প্রত্যন্ত অঞ্চলে পরিবার পরিকল্পনা সেবা ও তথ্য প্রচারের ক্ষেত্রে অধিক গুরুত্ব দিতে হবে।

১৭ । উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের মনিটরিং ও তথ্যসেলে দৈনিক রিপোর্টি প্রদান নিশ্চিত করতে হবে।

১৮ । পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ের সেবা প্রদানকারীগণ বিশেষ ইনোভেটিভ কর্মসূচী গ্রহণের উদ্যোগ নিবেন।

**স্বাক্ষরিত**
(ডাঃ সৌমিত্র চক্রবর্তী)
উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
sunamganjsadar@uhfpo.dghs.gov.bd

**স্বাক্ষরিত**
(বিশ্বজিৎ কৃষ্ণ চক্রবর্তী)
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ufposunamganjsadar@dgfp.gov.bd

স্মারক নং-উপপকা/সদর/সুনাম/২০১৯/২৯৪/(২৫) তারিখ ঃ ০১/১২/২০১৯ খ্রি.

অনুলিপি সদয় অবগতি / কার্যার্থে প্রেরিত হলো ঃ

০১। পরিচালক (আইইএম), পরিবার পরিকল্পনা অধিদপ্তর , ৬-কাওরানবাজার, ঢাকা-১২১৫।
০২। পরিচালক , পরিবার পরিকল্পনা , সিলেট বিভাগ, বিভাগীয় সদর দপ্তর ( ৩য় তলা ), আলমপুর, সিলেট।
০৩। লাইন ডাইরেক্টর, সিসিএসডিপি , পরিবার পরিকল্পনা অধিদপ্তর , ৬-কাওরানবাজার, ঢাকা-১২১৫।
০৪। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, সুনামগঞ্জ।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
০৬। সহকারী পরিচালক (সিসি), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সুনামগঞ্জ।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
০৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। উক্ত সেবা সপ্তাহ বাস্তবায়নের নিমিত্তে আপনার বিভাগের সকল কর্মচারীগণকে সার্বিক সহযোগীতা প্রদানের প্রয়োজনীয় সদয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।
০৯। মেডিকেল অফিসার ( ক্লিনিক ), মা ও শিশু কল্যাণ কেন্দ্র , সুনামগঞ্জ।
১০। মেডিকেল অফিসার ( এমসিএইচ-এফপি ), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১১। সহাকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল),................................................,সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১৩। ক্লিনিক ম্যানেজার , ......................................................, সদর, সুনামগঞ্জ।
১৪। প্রজেক্ট অফিসার, কেয়ার জিএসকে সিএইচডব্লিউ ইনিশিয়েটিভ, সুনামগঞ্জ।
১৫। SACMO/FWV/FPI/FWA (সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। আপনাদেরকে বর্ণিত লক্ষমাত্রা অনুযায়ী শতভাগ অর্জনের জন্য অনুরোধ করা হলো।
১৬। দপ্তর নথি।

(বিশ্বজিৎ কৃষ্ণ চক্রবর্তী)
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।